सत्यमेव जयते

৫৮ নং দাবির স্বপক্ষে

ডাঃ সুকুমার হাঁসদা

মাননীয় মন্ত্রী

পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক দপ্তর

পশ্চিমবঙ্গ সরকার

কর্তৃক প্রদত্ত

বাজেট বক্তৃতা

২০১৩ – ২০১৪

মাননীয় স্পীকার মহোদয়,
পশ্চিমবঙ্গ বিধানসভা,
পশ্চিমবঙ্গ,

মহাশয়,

মাননীয় রাজ্যপালের অনুমোদনক্রমে আমি ৫৮ নং দাবির অন্তর্গত নিম্নের মুখ্য খাতগুলির ২০১৩-১৪ সালের ব্যয় নির্বাহের জন্য মোট **২২৭,৬৯,৪৪,০০০.০০ (দুইশ সাতাশ কোটি উনসত্তর লাখ চুয়াল্লিশ হাজার)** টাকা (যার থেকে ইতিমধ্যে ভোট অন অ্যাকাউন্ট বাজেটের **৭৫,৮৯,৮২,০০০.০০ (পঁচাত্তর কোটি উননব্বই লাখ বিরাশি হাজার টাকাও ধরা আছে)** ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য সভায় পেশ করছি।

(ক) ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ্ প্রোগ্রাম-০২-ব্যাকওয়ার্ড এরিয়াজ্-১০১-এরিয়া ডেভলপমেন্ট-এস.সি.-০২৯-পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ-৩১-গ্র্যান্টস-ইন-এইড-০২-আদার গ্র্যান্টস;

(খ) ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ্ প্রোগ্রাম-০২-ব্যাকওয়ার্ড এরিয়াজ্-৭৮৯-স্পেশাল কমপোনেন্ট প্ল্যান ফর এস.পি.-এস.পি.-০১৩-ডেভলপমেন্ট অব পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ-১-গ্র্যান্টস-ইন-এইড-০২-আদার গ্র্যান্টস;

(গ) ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ্ প্রোগ্রাম-০২-ব্যাকওয়ার্ড এরিয়াজ্-৭৯৬-ট্রাইব্যাল এরিয়াজ সাব-প্ল্যান-এস.পি.-০১৩-ডেভলপমেন্ট অব পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ-৩১-গ্র্যান্টস-ইন-এইড-০২-আদার গ্র্যান্টস;

(ঘ) ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ্ প্রোগ্রাম-০২-ব্যাকওয়ার্ড এরিয়াজ্-১০১-এরিয়া ডেভলপমেন্ট এন.পি.-নন-প্ল্যান.-০১৭-পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ-৩১-গ্র্যান্টস-ইন-এইড;

(ঙ) ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ্ প্রোগ্রাম-০২-ব্যাকওয়ার্ড এরিয়াজ্-১০১-এরিয়া ডেভলপমেন্ট এন.পি.-নন-প্ল্যান.-০১৬-ডেভলপমেন্ট অব-ঝাড়গ্রাম এরিয়া;

(চ) ২০৫২-সেক্রেটারিয়েট-জেনারেলসার্ভিসেস-০০-০৯০-সেক্রেটারিয়েট-এন.পি.-নন-প্ল্যান.-০২৬-ডেভলপমেন্ট অব পশ্চিমাঞ্চল উন্নয়ন অ্যাফেয়ার্স;

(ছ) ৪৫৭৫-ক্যাপিটাল আউটলে অন আদার স্পেশাল এরিয়াজ্ প্রোগ্রাম-৬০-আদার্স (আর.আই.ডি.এফ);

২) এই রাজ্যের পশ্চিমাঞ্চলের লাল কাঁকুড়ে মাটিযুক্ত অপেক্ষাকৃত অনুর্বর এলাকার তপশিলি জাতি ও উপজাতি এবং অপেক্ষাকৃত অর্থনৈতিক অনুন্নত মানুষের স্বার্থে ঐ অঞ্চলের

সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে রাজ্যের পাঁচটি জেলার (পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, বর্ধমান ও বীরভূম) ৭৪টি ব্লকের প্রায় এককোটি জনসংখ্যার এলাকা উন্নয়নের জন্য ২০০০ সালের মে মাসে পশ্চিমাঞ্চ উন্নয়ন পর্ষদ গঠন করা হয়েছিল। ২০০৬ সালের ডিসেম্বর মাস থেকে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের প্রশাসনিক অধীনে কাজ করছে।

৩) এখানে পরিষ্কারভাবে উল্লেখ করা যেতে পারে যে, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের অন্তর্গত উপরোক্ত ৭৪টি ব্লকের উন্নয়নের তদারকির জন্য শুধুমাত্র পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক দপ্তরকে সামগ্রিক দায়িত্ব দেওয়া হয়নি। বস্তুতঃ সমস্ত নিয়মিত দপ্তরই ঐ এলাকার উন্নয়নের জন্য নিজ নিজ বিভাগীয় পরিকল্পনা গ্রহণ করেন। এই বিভাগ কেবলমাত্র ঐ এলাকার সার্বিক উন্নয়নের যে ফাঁক ফোকরগুলি থেকে যায় সেগুলি পূরণ করার দায়িত্বে রয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতি উপরোক্ত ফাঁক ফোকরগুলি পূরণ করার লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা তৈরি করে একটি বার্ষিক কার্য পরিকল্পনা গ্রহণ করেন, যা জেলা পরিকল্পনা কমিটি অনুমোদন করেন। ঐ বার্ষিক পরিকল্পনা অনুযায়ী পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ বা জেলা কর্তৃপক্ষকে এই বিভাগ প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করে। এছাড়া কিছু কিছু জরুরি প্রকল্প পঞ্চায়েত সমিতির সভাপতি, জেলা পরিষদের সভাধিপতি বা জেলা শাসকের মাধ্যমে সরাসরি এই বিভাগকে পাঠানো হয়। ঐ প্রকল্পগুলি গুরুত্ব সহকারে বিবেচনা করে প্রয়োজন হলে সঙ্গে সঙ্গে অর্থ মঞ্জুর করা হয়।

৪) ২০১২-২০১৩ আর্থিক বছরে মুখ্যখাত ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ প্রোগ্রাম-এ পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের পরিকল্পনা প্রকল্পগুলির জন্য মোট **১৩৫,৮৫,২৫,০০০.০০ (একশত পঁয়ত্রিশ কোটি পঁচাশি লক্ষ পঁচিশ হাজার)** টাকা ব্যয়ের জন্য মঞ্জুর করা হয়েছে। উক্ত অর্থ সি.ই.ও., পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ, বাঁকুড়া-র অনুকূলে অনুমোদন করা হয়েছিল।

৫) ২০১২-২০১৩ আর্থিক বছরের অর্থে নিম্নলিখিত পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের অধীনস্থ পাঁচটি জেলায় প্রকল্পগুলি তৈরি করা হয়েছিল—

খাত	প্রকল্প সংখ্যা (জেলাভিত্তিক)				
	পশ্চিম মেদিনীপুর	পুরুলিয়া	বাঁকুড়া	বর্ধমান	বীরভূম
সেচ, জল ও ভূমি সংরক্ষণ এবং কৃষি	৫৫	০৬	৩৯	৩০৫	৯৯
শিক্ষা	৪৪	২৭	১২	০২	০৯
স্বাস্থ্য	০২	০৬	০৩	নেই	১০
পরিবহন ও যোগাযোগ (রাস্তা, সেতু ইত্যাদি)	৯১	৪৯	২০	০১	১৫১
পানীয় জল	৫৩০	৯৮	০২	০৩	০৮
অন্যান্য	১০	০৩	১০	৬৪	৭৮

৬) পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের অফিসগৃহ নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি ইতিমধ্যেই ভূমি এবং ভূমি সংস্কার দপ্তর পর্ষদকে হস্তান্তর করেছে। প্রাপ্ত জমিতে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ, বাঁকুড়া অফিসগৃহটি নির্মাণের কাজ হয়েছে।

৭) ২০১৩-১৪ আর্থিক বছরে পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগ নিম্নে বিষয়গুলির উপর বিশেষ দৃষ্টি আরোপ করবে ঃ

১) ক্ষুদ্র সেচ

২) কৃষি উন্নয়ন

৩) পানীয় জল সরবরাহ করার ব্যবস্থা

৪) ভূগর্ভস্থ জল সম্পদ ও তার সংরক্ষণ

৫) ভূমি ও জল সংরক্ষণ

৬) বিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের পরিকাঠামো উন্নয়ন

৭) স্বাস্থ্য পরিষেবার উন্নয়ন

৮) গ্রামীণ রাস্তা, ছোট সেতু/কালভার্ট নির্মাণ

৯) আ.সি.ডি.এস গৃহ নির্মাণ

১০) মৎস চাষ, উদ্যান পালন, প্রাণী সম্পদ, লাক্ষা চাষের উন্নয়ন এবং বনসৃজন

১১) স্বনির্ভর নিযুক্তি ইত্যাদি।

২০১৩-১৪ আর্থিক বছরে আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া অধিকাংশ অনুন্নত সম্প্রদায়ের বাসস্থান **জঙ্গলমহল**-এর উন্নতির জন্য বিশেষ পরিকল্পনা গ্রহণ করার উদ্যোগ নেওয়া হবে। অর্থ, আবগারি এবং উন্নয়ন ও পরিকল্পনা (২০১২-২০১৩) দপ্তরের স্থায়ী কমিটি ২০১২-২০১৩ আর্থিক বছরের এই দপ্তরের কাজের ভূয়সী প্রশংসা করেছে।

মহাশয়, এই কথা বলে আমি আগামী ২০১৩-২০১৪ আর্থিক বছরের ৫৮ নং দাবির মুখ্য খাত ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ প্রোগ্রাম, ২০৫২ সেক্রেটারিয়েট জেনারেল সার্ভিসেস এবং ৪৫৭৫-ক্যাপিটাল আউটলে অন আদার স্পেশাল এরিয়াজ প্রোগাম-এর জন্য মোট **২২৭,৬৯,৪৪,০০০.০০ (দুইশ সাতাশ কোটি উনসত্তর লাখ চুয়াল্লিশ হাজার)** টাকা ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য সভায় পেশ করছি।

ঃ মুদ্রক ঃ
সরস্বতী প্রেস লিমিটেড
(পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগ)
কলকাতা ৭০০ ০৫৬